দৈনিক
ইত্তেফাক

তারিখ 05 SEP 2016
পৃষ্ঠা ২৬ কলাম ৪

# ভালুকায় বিদ্যালয়ের ঘর নির্মাণে বাধা

## পাঁচ শতাধিক শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত

■ ভালুকা (ময়মনসিংহ) সংবাদদাতা

উপজেলার বরাইদ লোহাবই এএইচ সরকার বালিকা বিদ্যালয়ে একটি ঘর নির্মাণে বাধা দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। ফলে ওই বিদ্যালয়ের ৫ শতাধিক শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে।

জানা যায়, উপজেলার বরাইদ গ্রামে স্থাপিত বালিকা বিদ্যালয়টি প্রতিষ্ঠার পর থেকেই লেখাপড়ায় সুনাম অর্জনের পাশাপাশি এসএসসি পরীক্ষায় শতভাগ পাস করে আসছে। কিন্তু গ্রামের কতিপয় ব্যক্তি সম্প্রতি ওই বিদ্যালয়ের জমি নিজেদের মালিকানা দাবি করে বিদ্যালয়টি ধ্বংসের পাঁয়তারা শুরু করেছে। এমতাবস্থায় বিদ্যালয়ে নতুন ঘর তুলতে গেলে ওই গ্রামের সাহাবুদ্দিনের নেতৃত্বে নির্মাণ কাজে বাধা দেওয়া হয়।

স্থানীয় ভূমি অফিস সূত্রে জানা যায়, ১৯৭৮ সালে বরাদী মৌজার এসএ রেকর্ডীয় মালিক রয়মনন্নেছার ছেলে আশরাফ আলী ৮০ শতক জমি দলিল মূলে আবুল কালামকে রেজিস্ট্রি করে দেন। পরে ১৯৯০ সালে ওই জমি আবুল কালাম এএইচ সরকার বালিকা বিদ্যালয়ের নামে রেজিস্ট্রি করে দেন। সম্প্রতি সাহাব উদ্দিন এ জমির মালিকানা দাবি করে মেদুয়ারী ইউনিয়ন পরিষদে অভিযোগ দায়ের করেন। পরিষদ উভয় পক্ষের কাগজপত্র পর্যালোচনা করে বিদ্যালয়ের পক্ষে রায় দেয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আতিকুল ইসলাম জানান, ঘর নির্মাণ করতে না পারায় ছাত্রীদের গাদাগাদি করে ক্লাস করাতে হচ্ছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা কামরুল আহসান তালুকদার জানান, বিদ্যালয়ের ঘর নির্মাণে বাধা দেওয়ার অভিযোগ পেয়েছি। আইনগত ব্যবস্থা গ্রহণ করবো।